# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## পানি সম্পদ মন্ত্রণালয়
## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**প্রকল্প পরিচালক, দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্প-২য় পর্যায়**

**এবং**

**মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড**

**এর মধ্যে স্বাক্ষরিত**

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

**১লা জুলাই, ২০২২ - ৩০ শে জুন, ২০২৩**

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | |
| প্রস্তাবনা | |
| সেকশন ১: সাধারণ কার্যাবলি | |
| সেকশন ২: কর্মসম্পাদন পরিকল্পনা | |
| সংযোজনী ১:  শব্দসংক্ষেপ | |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | |

## দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্প-২য় পর্যায় এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা ভিত্তিক এ প্রকল্পের মূল লক্ষ্য হলো প্রকল্প সুবিধাভোগিগণকে পরিকল্পনা প্রণয়ন ও পূনর্বাসন কাজের সাথে সম্পৃক্তকরণ। প্রকল্পের অবকাঠামো টেকসই পরিচালনা ও রক্ষণাবেক্ষণের লক্ষ্যে এর ব্যবস্থাপনা উপকারভোগীদের সংগঠন, WMA এর নিকট হস্তান্তর এবং আয়-বর্ধনমূলক কার্যক্রম পরিচালনার মাধ্যমে জনগণের আর্থিক অবস্থার উন্নয়ন। প্রকল্পের ১ম পর্যায়ের সাফল্যের ধারাবাহিকতায় দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ৫টি জেলায় বিস্তৃত ৮৩,৯৯৬ হেক্টর এলাকায় প্রকল্পের ২য় পর্যায়ের কাজ বাস্তবায়ন শুরু হয় এবং গত ২৫-০৮-২০১৫ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পের মূল উদ্দেশ্যসমূহ হলো- (ক) হাইড্রোলজিক্যাল ইউনিটে বিভক্ত এলাকায় সমন্বিত (Integrated) অংশিদারীত্বমূলক (Participatory) পানিসম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা কার্যক্রম প্রবর্তন (খ) পূনর্বাসন কাজে সুবিধাভোগিদের অংশগ্রহণ নিশ্চিতকল্পে WMG এবং WMA শীর্ষ সংগঠন তৈরী এবং প্রশিক্ষণের মাধ্যমে সংগঠন সমূহকে দক্ষ করে গড়ে তোলা; (গ) সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কার্যক্রমে সুবিধাভোগীদের অংশিদারীত্ব (Participatory) বৃদ্ধি ও আয়-বর্ধনমূলক কার্যক্রম পরিচালনার মাধ্যমে জনগণের জীবন যাত্রার মান উন্নয়ন; এবং (ঘ)অবকাঠামো সমূহের টেকসই পরিচালনা ও রক্ষনাবেক্ষণের লক্ষ্যে প্রকল্পের ব্যবস্থাপনা সুবিধাভোগিদের সংগঠন WMA এর হাতে ন্যস্ত করে প্রকল্পের সুফল প্রাপ্তি নিশ্চিত করা। এই উদ্দেশ্যসমূহকে বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প হতে মোট ৯টি উপ-প্রকল্প পুনর্বাসনের পরিকল্পনা নেওয়া হয়। বিগত ৩ বছরে প্রকল্পের প্রধান অর্জনসমূহ নিম্নে বর্ণিত হলো-

ক) পূর্ত কাজঃ প্রকল্পের আওতায় ইতিমধ্যে সমাপ্তকৃত পূর্তকাজসমূহ হলো ২.২৪২ কিঃমিঃ নতুন বাঁধ নির্মাণ, ২৭.৭৪কিঃমিঃ বাঁধ পুনরাকৃতিকরণ, ১.৪ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজ, এসকেভেটর এর মাধ্যমে খননকৃত নদী ৭৮.০০ কিঃমিঃ, পানি নিয়ন্ত্রণ কাঠামো নির্মাণ -৮টি, পুনর্বাসিত পানি নিয়ন্ত্রণ কাঠামো – ৩২টি, পুনঃখননকৃত খাল ২৩৬.৫০ কিঃমিঃ, নির্মিত সেচ স্ট্রাকচার ১০টি, মেরামতকৃত সেচ স্ট্রাকচার ২২টি। এছাড়াও ৫টি ব্রিজ, ২৩টি ডব্লিউএমজি ট্রেনিং সেন্টার, ১৫০টি আর্সেনিকমুক্ত গভীর নলকূপ ও ফরিদপুরে ৩তলা অফিস ভবন নির্মাণ কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে।

খ) পানি ব্যাবস্থাপনা সংগঠ/ন ও প্রশিক্ষণঃ ইতিমধ্যে প্রকল্পের আওতায় ২৬৭টি WMG এবং ২৩টি WMA গঠন করা হয়েছে। সমিতিগুলোর মোট সদস্য সংখ্যা হলো ৮৮২৭৯ জন যার মধ্যে ৪৩৪৪৮ জন নারী সদস্য (মোট সদসদ্যের ৪৯.২১%)। সমিতিসমূহের মোট সঞ্চয় ৩৯৪.৬০ লক্ষ টাকা যার মধ্যে পরিচালন ও রক্ষণাবেক্ষণ সঞ্চয় ২৮.৮৬ লক্ষ টাকা। ইতিমধ্যে ১৯৪৫১ জন সদস্যকে ক্লাসরুম প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তন্মধ্যে মহিলা ৭৪৫৫জন এবং ৮০০ টি কৃষক মাঠ স্কুল ও মৎস্য মাঠ স্কুলের মাধ্যমে ২০০০০ সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তন্মধ্যে মহিলা ৯৮৭৭জন । এ পর্যন্ত ৫৭১টি কৃষি মাঠ প্রদর্শনীর মাধ্যমে উচ্চ ফলনশীন ধান চাষ প্রকল্প এলাকায় সম্প্রসারন করা হয়েছে এবং ১৬০টি মৎস্য প্রদর্শনীর মাধ্যমে উন্নত প্রযুক্তির মাছ চাষকে প্রান্তিক চাষিদের কাছে নিয়ে যাওয়া হয়েছে। Social Mobilization এর আওতায় livelihood support এর মাধ্যমে ২০০টি সেলাই মেশিন, ২০০টি ছাগল ও ৪০০২টি হাঁস পানি ব্যবস্থাপনা সংগঠনের দুস্থ সদস্যদেরকে প্রদান করা হয়েছ। ইতোমধ্যে ১০,০০০ গাছের চারা প্রকল্পের আওতায় রোপন করা হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ফরিদপুর, রাজবাড়ি, মাগুরা ও গোপালগঞ্জ জেলায় প্রকল্প এলাকা বেষ্টিত। এ চার জেলার শুধুমাত্র মাগুরা জেলার কালিদাসখালী-আড়পাড়া উপ-প্রকল্প ও বামনখালী-বর্ণালী উপ-প্রকল্পদ্বয়ের নদীসমূহে জোয়ারভাটা বিদ্যমান। উপ-প্রকল্প অভ্যন্তরস্থ সেচ কাযর্ক্রম পরিচালনার মাধ্যমে অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা পরিচালনা করা সম্ভব। প্রকল্পের অন্যান্য উপ-প্রকল্পসমূহে এ কনসেপ্ট বাস্তবায়ন ও টেকসই করা কঠিন।

## ভবিষ্যৎ পরিকল্পনা

এ প্রকল্পের সুফল মাধ্যমে ৯টি উপ-প্রকল্পে পানি ব্যবস্থাপনা সংগঠন গঠন (২৩ টি পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন ও ২৬৭টি পানি ব্যবস্থাপনা দল) ও তাদের দক্ষতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অংশগ্রহনমূলক সমন্বিত পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্পটির কনসেপ্ট আরও অধিকতর এলাকায় বিস্তৃত করার জন্য প্রকল্পের সম্ভাব্য ৩য় পর্যায় হিসেবে গোপালগঞ্জের টুঙ্গিপাড়া ও কোটালিপাড়ার জলাবদ্ধতা নিরসন প্রকল্প বিবেচনা করা হয়েছে। ইতিমধ্যে সমীক্ষা কার্যক্রম সম্পাদন করা হয়েছে এবং এর ভিত্তিতে পিডিপিপি প্রণয়ন করে ইআরডির মাধ্যমে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) এর নিকট অর্থায়নের জন্য প্রস্তাব পাঠানো হয়েছে। ADB এর Country Programming Mission (CPM) এর আওতায় Indicative Pipeline and Monitoring (ICPM) এর রিপোর্ট অনুযায়ী ৭১.০০ মিলিয়ন মার্কিন ডলারের ঋণ ২০২৩ সালের Firm Loan ক্যাটাগরীতে অন্তর্ভূক্ত আছে। তাছাড়া প্রকল্পের ৩য় পর্যায়ের ডিজাইন ও আনুষাঙ্গিক Loan Agreement Documents প্রস্তুত ও অন্যান্য কাজের জন্য এডিবি কর্তৃক ১ মিলিয়ন মার্কিন ডলারের অনুদান প্রদান করা হয়েছে। উক্ত ১ মিলিয়ন ডলারের অনুদান টিএপিপি এর মাধ্যমে ADB এর Administration-এ বাস্তবায়িত হবে। ।

## ২০২২-২৩ অর্থ-বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ২০.০০ কিঃমিঃ নিষ্কাশন খাল পুনঃখনন, ২ টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ ও ৩ টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো পুনঃনির্মাণ এবং ০.৫০০ কিঃমিঃ তীর সংরক্ষণ কাজ;
- সেচ কাঠামো নির্মাণ ৩টি এবং সেচ কাঠামো পুনঃনির্মাণ/মেরামত পুর্নবাসন ৭টি।

## প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রকল্প পরিচালক, দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি সম্পদ
পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্প-২য় পর্যায়

এবং

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

এর মধ্যে ২০২২ সালের জুন মাসের ..........২৬..........তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১

## ১.১ সাধারণ কার্যাবলি:

ক) প্রকল্পের মাধ্যমে ৯টি উপ-প্রকল্পের পুনর্বাসন সংক্রান্ত ভৌত কাজ বাস্তবায়ন। পুনর্বাসন কাজের প্রধান অঙ্গগুলো হলো-

১. বাঁধপুনরাকৃতিকরণ
২. বাঁধনির্মাণ
৩. খাল পূনঃখনন
৪. রেগুলেটর মেরামত/পূনর্বাসন
৫. রেগুলেটর নির্মাণ
৬. ফুট ব্রীজ নির্মাণ
৭. সেচ ইনলেট-আউটলেট ষ্ট্রাকচার নির্মাণ
৮. সেচ ইনলেট-আউটলেট ষ্ট্রাকচার মেরামত
৯. চেক স্ট্রাকচার ও অন্যান্য অবকাঠামো নির্মাণ
১০. নদী তীর সংরক্ষণ কাজ
১১. WMG ট্রেনিং সেন্টার নির্মাণ
১২. আর্সেনিকমুক্ত গভীর নলকূপ স্থাপন
১৩. পাকা রাস্তা নির্মাণ
১৪. পিএমও অফিস বিল্ডিং নির্মাণ (ফরিদপুর)
১৫. পরিদর্শন বাংলো নির্মাণ (যশোর)

খ) পানি ব্যবস্থাপনা সংগঠন (পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন ও পানি ব্যবস্থাপনা দল) গঠন

গ) প্রশিক্ষণের মাধ্যমে সংগঠন সমূহকে দক্ষ করে গড়ে তোলা

ঘ) সাব-ইউনিট পরিকল্পনা মোতাবেক অংশ গ্রহণমূলক সমন্বিত পানি ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়ন

ঙ) সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কার্যক্রমে সুবিধাভোগীদের অংশগ্রহণ বৃদ্ধি ও আয়-বর্ধনমূলক কার্যক্রম পরিচালনা করা

চ) অবকাঠামো সমূহের টেকসই পরিচালনা ও রক্ষনাবেক্ষণের লক্ষ্যে প্রকল্পের ব্যবস্থাপনা সুবিধাভোগিদের সংগঠন WMA এর হাতে ন্যস্ত করা

# সেকশন ২ কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২০-২১ | ২০২১-২২* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ (বিধি/আইন দ্বারা নির্ধারিত দায়িত্ব** অনুযায়ী) | | | | | | | | | | | | | | | |
| [১] নদীর নাব্যতা বৃদ্ধি, বন্যা ব্যবস্থাপনা ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ; | | [১.১] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [১.১.১] নদী তীর সংরক্ষণ | সমষ্টি | কিঃমিঃ | ৩০ | | ০.৪০০ | ০.৫০০ | ০.৪৫০ | ০.৪০০ | ০.৩৫০ | ০.৩০০ | | |
| [২] সেচ ব্যবস্থার সুষম, সমন্বিত ও টেকসই উন্নয়ন; | | [২.১] ভূ-পরিস্থ সেচ সুবিধার সম্প্রসারণ | [২.১.১] সেচ কাঠামো নির্মাণ | সমষ্টি | সংখ্যা | ২০ | ৭ | ৬ | ৩ | ২ | ১ | | | | |
| | | | [২.১.২] সেচ কাঠামো পুনঃনির্মাণ/ মেরামত/ পুনর্বাসন | সমষ্টি | সংখ্যা | ১০ | ১০ | ৪ | ৭ | ৬ | ৫ | ৪ | ৩ | | |
| | | [২.২] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি | [২.২.১] নিষ্কাশন খাল পুনঃখনন | সমষ্টি | কিঃমিঃ | ৫ | ৫০.০০ | ৪০.০০ | ২০.০০ | ১৮.০০ | ১৬.০০ | ১৪.০০ | ১২.০০ | | |
| | | | [২.২.২] পানি নিয়ন্ত্রণ কাঠামো নির্মাণ | সমষ্টি | সংখ্যা | ২০ | ৪ | ৪ | ২ | ১ | | | | | |
| | | | [২.২.৩] পানি নিয়ন্ত্রণ কাঠামো পুনঃনির্মাণ/ মেরামত/পুনর্বাসন | সমষ্টি | সংখ্যা | ১৫ | ১৪ | ৮ | ৩ | ২ | ১ | | | | |

আমি, প্রকল্প পরিচালক, দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্প- ২য় পর্যায়, হিসেবে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হিসেবে দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্প- ২য় পর্যায় এর প্রকল্প পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

---------------------------------------- ২৬/০৬/২০২২

প্রকল্প পরিচালক, দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্প- ২য় পর্যায় — তারিখ

---------------------------------------- ২৬.০৬.২০২২

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড — তারিখ

## সংযোজনী-১ শব্দসংক্ষেপ

### বাংলা

| সংক্ষিপ্তরুপ | পূর্ণাঙ্গরুপ |
|---|---|
| পাসম | পানি সম্পদ মন্ত্রণালয় |
| বাপাউবো | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |
| এডিপি | বার্ষিক উন্নয়ন কর্মসূচি |
| পওর বিভাগ/ সার্কেল | পরিচালন ও রক্ষণাবেক্ষণ বিভাগ/ সার্কেল |

### ইংরেজি

| সংক্ষিপ্তরুপ | পূর্ণাঙ্গরুপ |
|---|---|
| MoWR | Ministry of Water Resources |
| BWDB | Bangladesh Water Development Board |
| ADP | Annual Development Program |
| RADP | Revised Annual Development Program |
| BDP2100 | Bangladesh Delta Plan 2100 |
| SDG | Sustainable Development Goal |
| PSC | Project Steering Committee |
| PIC | Project Implementation Committee |

## সংযোজনী- ২:
## কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| ১ | [১.১] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [১.১.১] নদী তীর সংরক্ষণ | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী |
| ২ | [২.১] ভূ-পরিস্থ সেচ সুবিধার সম্প্রসারণ | [২.১.১] সেচ কাঠামো নির্মাণ | ঐ |
| | | [২.১.২] সেচ কাঠামো পুনঃনির্মাণ/ মেরামত/ পুনর্বাসন | ঐ |
| ৩ | [২.২] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি | [২.২.১] নিষ্কাশন খাল পুনঃখনন | ঐ |
| | | [২.২.২] পানি নিয়ন্ত্রণ কাঠামো নির্মাণ | ঐ |
| | | [২.২.৩] পানি নিয়ন্ত্রণ কাঠামো পুনঃনির্মাণ/ মেরামত/পুনর্বাসন | ঐ |